



১৪ জুলাই, ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

নারায়ণগঞ্জের রূপগঞ্জে হাসেম ফুড অ্যান্ড বেভারেজ লিমিটেড কারখানার অগ্নিকাণ্ডে আহত ও নিহত শ্রমিকসহ অন্যান্য কারখানার সকল শ্রমিকের বকেয়া ওভারটাইম ভাতা, বকেয়া মাসিক মজুরী ও আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষ্যে উৎসব ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবী জানাচ্ছে ব্লাস্ট

নারায়ণগঞ্জের রূপগঞ্জে হাসেম ফুড অ্যান্ড বেভারেজ লিমিটেড কারখানায় নিয়োজিত সকল শ্রমিকসহ অন্যান্য কারখানার সকল শ্রমিকের বকেয়া মজুরী, ওভারটাইম ও উৎসব ভাতা আসন্ন ঈদ-উল-আযহার পূর্বেই প্রদান করার দাবী জানাচ্ছে ব্লাস্ট। যেহেতু বর্তমান করোনা পরিস্থিতিতে কারখানা কবে খুলছে তার কোন নিশ্চয়তা নেই, সেহেতু বেতন-বোনাসের পাশাপাশি শ্রমিকদের চাকুরী নিয়েও অনিশ্চয়তা দেখা দিয়েছে। ইতোমধ্যে এ বিষয়ে চারটি মানবাধিকার সংস্থাসমূহ যথাক্রমে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট), আইন ও সালিশ কেন্দ্র (আসক), বাংলাদেশ পরিবেশ আইনজীবী সমিতি (বেলা) এবং সেইফটি এন্ড রাইটস সোসাইটি (এসআরএস) এর পক্ষ হতে সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় বরাবর আবেদন জানানো হয়েছে।

করোনা ভাইরাস মহামারীতে সারা দেশে কঠোর লক ডাউন অবস্থায় নারায়ণগঞ্জের রূপগঞ্জে সেজান জুস কারখানায় অগ্নিকাণ্ডের ঘটনায় এ পর্যন্ত ৫২ জন শ্রমিক নিহত হয়েছেন বলে গণমাধ্যম সূত্র থেকে জানা গেছে। এর মধ্যে বেশীরভাগই শিশু ও নারী ছিলেন বলে সংবাদ প্রকাশিত হয়েছে। আমরা এই মর্মান্তিক হত্যাকাণ্ডের সুষ্ঠু তদন্তের মাধ্যমে দায়ী ব্যক্তিদের দ্রুত বিচার এবং শাস্তি দাবি করেছি। পাশাপাশি আমরা নিহত ও আহত সহ ক্ষতিগ্রস্ত শ্রমিকের পর্যাাপ্ত ক্ষতিপূরণ, আহতদের সুচিকিৎসার ব্যবস্থা সহ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন থেকে তাৎক্ষণিক আর্থিক সহায়তার দাবী জানিয়েছি। ইতোমধ্যে শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিল থেকে আপনি নিহত ও আহত শ্রমিকদের পরিবারগুলোক আর্থিকভাবে সহায়তা করার ঘোষণা দিয়েছেন এবং কারখানায় অগ্নিকাণ্ডের কারণ উদ্ঘাটন ও দায়-দায়িত্ব নির্ধারণে শ্রম মন্ত্রণালয়ের উদ্যোগে পৃথক একটি তদন্ত কমিটিও গঠন করা হয়েছে, আপনার এ সকল উদ্যোগকে আমরা সাধুবাদ জানাই।

উল্লেখ্য, হাসেম ফুড অ্যান্ড বেভারেজ কারখানায় অগ্নিকাণ্ডের পরে “ওভারটাইমের টাকা পেতে এক সপ্তাহ আগে বিক্ষোভ হয়েছিল” শিরোনামে প্রকাশিত সংবাদ থেকে জানা যায় উক্ত কারখানার শ্রমিকদের দীর্ঘ চার মাসের ওভারটাইমের টাকা না দেওয়ায় আগুন লাগার এক সপ্তাহ আগে শ্রমিকরা বিক্ষোভ ও সড়ক অবরোধ করেছিলেন এবং বিক্ষোভের পরদিন কারখানা কর্তৃপক্ষ দুই মাসের ওভারটাইমের টাকা পরিশোধ করেছেন, অবশিষ্ট দুই মাসের ওভারটাইমের টাকা অদ্যাবধি পরিশোধ করা হয়নি।

আরো তথ্যের জন্য যোগাযোগ করুন:

কমিউনিকেশন বিভাগ

ই মেইল: communication@blast.org.bd